গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফ্যাক্সঃ ০২-৮৮৭৯১৯৯ ফোনঃ ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং- ৭৪০(৮০)-ই তারিখঃ ২১/৬/১৭

## অফিস আদেশ

আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৭ উপলক্ষ্যে সড়ক পথে যাতায়াতকারী যাত্রী সাধারণের যাতায়াত নির্বিঘ্ন করার লক্ষ্যে নিম্নোক্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাঠপর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো ঃ

১। সকল মহাসড়ক গর্ত/পটহোলস্ মুক্ত এবং যানবাহন চলাচলের সম্পূর্ণ উপযুক্ত রাখতে হবে। যানজট কমানোর লক্ষ্যে ঢাকা হতে উভয়মুখী যান চলাচলের বিকল্প সড়ক সমূহ প্রয়োজনীয় মেরামত/সংস্কার করে যানবাহন চলাচল উপযোগী করতে হবে। সড়ক মেরামতের জন্য প্রয়োজনীয় জনবল, মালামাল, যন্ত্রপাতি ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী পর্যাপ্ত মজুদ রাখা ও নিবিড় পর্যবেক্ষনের মাধ্যমে মেরামত কার্যক্রম অব্যাহত রাখতে হবে; যাতে কোনক্রমেই সড়ক ও মহাসড়কে যানবাহন চলাচল বিঘ্নিত না হয়।

২। সড়ক মহাসড়ক যানজট মুক্ত রাখার উদ্যোগ গ্রহণ করতে হবে। জনস্বার্থ বিবেচনায় ও যানজট নিরসনে পবিত্র ঈদ-উল-ফিতর এর আগের ৩(তিন) দিন ও পরের ৩(তিন) দিন সকল মহাসড়কে ট্রাক, কাভার্ড ভ্যান ও লরী (নিত্য প্রয়োজনীয় খাদ্য-দ্রব্য, পঁচনশীল দ্রব্য, গার্মেন্টস সামগ্রী, ঔষধ, কাঁচা চামড়া এবং জ্বালী বহনকারী যানবাহনসমূহ ব্যতিত) চলাচলে মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক বিধি-নিষেধ আরোপ করার উদ্যোগ নিতে হবে।

৩। যে সকল পয়েন্টে টোল আদায় করা হয় সে সমস্ত পয়েন্টের টোল আদায়ের সকল বুথ ঈদের আগে/পরে মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক নির্ধারিত সময়কালে ২৪ ঘন্টা খোলা রাখার ব্যবস্থা নিতে হবে। গাড়ীর সংখ্যা কম থাকলেও টোল আদায়ের সকল বুথ খোলা রাখতে হবে।

৪। দূর্ঘটনা কবলিত নষ্ট হয়ে যাওয়া গাড়ী অপসারনের জন্য মেঘনা, গোমতী সেতুসহ দেশের সকল গুরুত্বপূর্ণ এলাকায় রেকার ও ক্রেন প্রস্তুত রাখতে হবে। রেকার ও ক্রেন এর ড্রাইভারদের মোবাইল নম্বর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ সংরক্ষণ করবেন।

৫। সওজ এর আওতাধীন ফেরীসমূহ সার্বক্ষনিক চলাচল উপযোগী রাখতে হবে। কোন ফেরী খারাপ/নষ্ট হয়ে গেলে যাতে তাৎক্ষনিকভাবে মেরামত করতঃ চলাচল উপযোগী করা যায় সেজন্য ফেরীঘাটে মেকানিকসহ প্রয়োজনীয় লোকবলের অবস্থান নিশ্চিত করতে হবে। ফেরী মেরামতের সরঞ্জামাদিসহ, খুচরা যন্ত্রাংশ আগেই সংগ্রহ করে রাখতে হবে।

৬। প্রশাসন ও আইন শৃংখলা বাহিনীর সহযোগীতায় সড়ক ও মহাসড়কের উপর অস্থায়ী স্থাপনা/ভাসমান হাট/বাজার অপসারণের ব্যবস্থা নিতে হবে।

৭। ঢাকা মহানগরীতে প্রবেশের ও বহির্গমণের মূল সড়কগুলোতে যানবাহনের চাপ কমানোর লক্ষ্যে ছোট যানবাহনকে বিকল্প মহাসড়ক ব্যবহার করার জন্য বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা নিতে হবে।

৮। সড়ক পথে যাতায়াতকারী যাত্রীসাধারণের যাতায়াত নির্বিঘ্নে করার লক্ষ্যে সড়কের সম্ভাব্য যানজট প্রবন এলাকায় মহিলা ও পুরুষের জন্য টয়লেট সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯। এক্সেললোড ষ্টেশনসমূহ কার্যকর রাখা ও প্রয়োজনমত অতিরিক্ত ওয়ে মেশিন, জেনারেটর ও অন্যান্য আনুসাংগিক সরঞ্জামাদি মজুদ নিশ্চিত করতে হবে।

১০। সড়ক উপ-বিভাগ ভিত্তিক মনিটরিং সেল গঠন করে সার্বক্ষনিকভাবে মাঠপর্যায়ে মেরামত ও সংস্কার কার্যক্রম মনিটরিং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। যেকোন ধরণের অনাকাংখিত দূর্ঘটনা তাৎক্ষনিকভাবে মোকাবেলার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৭ উপলক্ষ্যে স্থাপিতব্য কেন্দ্রীয় কন্ট্রোল রুমের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করতঃ মাঠপর্যায়ের সৃষ্ট সমস্যাদি অবহিত করণ ও কন্ট্রোল রুমের মাধ্যমে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে। এ বিষয়ে যেকোন ধরণের গাফিলতি/ব্যর্থতার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

২১/৬/১৭
(ইবনে আলম হাসান)
পরিচিতি নং-০০১০৩৩
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলোঃ-

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও তাঁর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে বিতরণ/অবহিত করণের নিমিত্তে প্রেরণ করা হলোঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, ঢাকা/ টেকনিক্যাল সার্ভিসেস উইং, ঢাকা/ব্রীজ ম্যানেজমেন্ট উইং, ঢাকা/যান্ত্রিক উইং, ঢাকা/ঢাকা জোন/ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/গোপালগঞ্জ জোন।

২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ঢাকা-চট্টগ্রাম মহাসড়ককে ৪-লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/জয়দেবপুর-ময়মনসিংহ সড়ক উন্নয়ন প্রকল্প, ঢাকা/৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/কাঁচপুর, মেঘনা ও গোমতি ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্প, ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প: জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা সড়ক (এন-৪) ৪-লেনে মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/ টেকনিক্যাল এসিসট্যান্স ফর ডিটেইলড স্ট্যাডি এন্ড ডিজাইন অব ঢাকা-চট্টগ্রাম এক্সপ্রেসওয়ে অন পিপিপি বেসিস প্রকল্প, ঢাকা/টেকনিক্যাল এ্যাসিসটেন্স ফর সাব-রিজিয়নাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপ্রেরেটরি ফ্যাসিলিটি-II, ঢাকা/ওয়েস্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক (সওজ), ...........................................

৪। প্রকল্প পরিচালক (তত্ত্বঃপ্রঃ, সওজ), ৩য় কর্ণফুলী সেতু নির্মাণ প্রকল্প, চট্টগ্রাম/লেবুখালী সেতু নির্মাণ প্রকল্প, পটুয়াখালী/ঢাকা-সিলেট মহাসড়ক ভুলতায় ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ শীর্ষক প্রকল্প, ঢাকা/ইটনা-মিঠামইন-অষ্ট্রগ্রাম সড়ক নির্মাণ শীর্ষক প্রকল্প, কিশোরগঞ্জ/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওজ), এমআইএস এন্ড এষ্টেটস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
(আদেশটি দ্রুত সময়ের মধ্যে সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হলো)।

D:\Estab\Additional Charge-001-2017.doc
(Al-Masud)